

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭৩.১৯.৭৩

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৬

২০ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৪২৫৪/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২২.০১.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: সিরাজুল ইসলাম, ইনডেক্স নং-২০১১২০৩, প্রভাষক (আরবী), আশরাফ চৌধুরী ফাযিল মাদরাসা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ, পিতা: মো: ইদ্রিস আলী, গ্রাম: উত্তর পানান, উপজেলা: হোসেনপুর, জেলা: কিশোরগঞ্জ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪২৫৪/২০১৮ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী জনাব মো: সিরাজুল ইসলাম, ইনডেক্স নং-২০১১২০৩, প্রভাষক (আরবী) পদে বিগত ০১.০৮.২০০৪ খ্রি: তারিখে যোগদান করেন। একই সাথে একই মাদরাসায়, একই তারিখে এবং একই পদে জনাব মো: আব্দুল্লাহ আল মামুনও যোগদান করেন। আবেদনকারী জনাব মো: সিরাজুল ইসলাম এর জন্ম তারিখ: ০১.০১.১৯৭৬ এবং জনাব মো: আব্দুল্লাহ আল মামুন এর জন্ম তারিখ: ০১.০২.১৯৮০ খ্রি:। জন্মগত দিক থেকে সিনিয়রিটি থাকা সত্ত্বেও আবেদনকারী জনাব মো: সিরাজুল ইসলামকে বঞ্চিত করে জনাব মো: আব্দুল্লাহ আল মামুনকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেওয়ায় সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৪২৫৪/২০১৮ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, রুল নিশি জারির প্রেক্ষিতে কোন জবাব (*Affidavit in opposition*) মহামান্য হাইকোর্টে দাখিল হয়েছে কী-না এবং মামলাটির সর্বশেষ অবস্থা কী; মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সকল বিষয়ে তথ্য প্রয়োজন।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৪২৫৪/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৫.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-০৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৭৩.১৯.৭৩/১(৭)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৬
২০ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



২০-৫-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)